

External Affairs Minister's bilateral engagements on the sidelines of the Special ASEAN-India Foreign Ministers' Meeting

June 17, 2022

বিশেষ আসিয়ান - ভারত বিদেশমন্ত্রীদের বৈঠকের ফাঁকে পররাষ্ট্রমন্ত্রীর দ্বিপাক্ষিক ব্যস্ততা জুন 17, 2022

বিশেষ আসিয়ান - ভারত বিদেশমন্ত্রীদের বৈঠকের ফাঁকে বিদেশমন্ত্রী তার সমপদস্থ ব্রুনেই, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, থাইল্যান্ড এবং ভিয়েতনামের মন্ত্রীদের সাথে ধারাবাহিকভাবে দ্বিপাক্ষিক আলোচনা চালিয়ে গেছেন।

2. 16ই জুন ব্রুনেই বিদেশমন্ত্রী II, দাতো এরিওয়ানপেহিন ইউসোফ-এর সাথে বিদেশমন্ত্রীর বৈঠকে উভয়মন্ত্রী দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতির পর্যালোচনা করেছেন। বাণিজ্য এবং বিনিয়োগ, হাইড্রোকার্বন ও পেট্রোলিয়াম, কৃষি এবং ওষুধ প্রস্তুত করনের ক্ষেত্রগুলিতে সহযোগিতাকে আরও বৃদ্ধি করা উচিত বলে তারা সম্মত হয়েছেন।

3. ইএম তার সমপদস্থ ইন্দোনেশিয়ার বিদেশমন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী রেটনো মারসুদি-র সাথে 17ই জুন 2022 -এ সপ্তম জয়েন্ট কমিশন মিটিং (জেসিএম) করেছেন। উভয়মন্ত্রী দ্বিপাক্ষিক সম্পর্কের পর্যালোচনা করেছেন এবং ভারত-ইন্দোনেশিয়া ব্যাপক কৌশলগত অংশীদারিত্বকে আরও এগিয়ে নিয়ে যাবার উপায়গুলি নিয়ে আলোচনা করেছেন। মন্ত্রীর "কূটনৈতিক এবং সরকারি/পরিষেবা পাসপোর্টধারীদের জন্য ভিসার প্রয়োজনীয়তা মকুব করার চুক্তি"তে স্বাক্ষর করেছেন। তারা "ভারতের নার্কোটিক কন্ট্রোল ব্যুরো (এনসিবি) এবং ইন্দোনেশিয়ার জাতীয় নার্কোটিকস বোর্ডের মধ্যে অবৈধ নেশাজাত দ্রব্য, সাইকোট্রোপিক দ্রব্য এবং তাদের পূর্ববর্তীদের পাচার প্রতিরোধে মৌচুক্তি" এবং "কানপুরের ন্যাশনাল সুগার ইনস্টিটিউট ও পলিটেকনিক পারকেবুনান এলপিপি, যোগকর্তা-র মধ্যে মৌচুক্তি" স্বাক্ষরের স্বাক্ষরীও ছিলেন। উভয়মন্ত্রী ইন্দো-পেসিফিক সহ আঞ্চলিক ও আন্তর্জাতিক সমস্যাগুলি নিয়ে মত বিনিময় করেছেন। বিদেশমন্ত্রী জি 20-এর সভাপতিত্বের জন্য ইন্দোনেশিয়ার প্রতি সংহতি প্রকাশ করেছেন এবং এর অগ্রাধিকারগুলিকে সমর্থন করেছেন।

4. 17ই জুন তারিখে বিদেশমন্ত্রী, মালয়েশিয়ার বিদেশমন্ত্রী দাতো শ্রী সৈফুদ্দিন আবদুল্লাহর সাথেও সাক্ষাৎ করেছেন এবং কোভিড-19-এর টিকার শংসাপত্রের পারস্পরিক স্বীকৃতি প্রদানকেও প্রত্যক্ষ করেন। পাম তেল এবং হাইড্রোকার্বনের মত ক্ষেত্রগুলি সহ অর্থনৈতিক এবং বাণিজ্যিক সম্পর্কের উপরে দৃষ্টি কেন্দ্রীভূত করে উভয় মন্ত্রী সম্পর্কের মধ্যে নতুন গতিসঞ্চার করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তারা পরবর্তী জয়েন্ট কমিশন বৈঠক মালয়েশিয়াতে করতে সম্মত হয়েছেন। আঞ্চলিক এবং আন্তর্জাতিক ঘটনাবলীর উপরেও তারা তাদের মত বিনিময় করেছেন।

5. সিঙ্গাপুরের বিদেশমন্ত্রী হিজ এম্বেলেম্বি ডঃ ভিভিয়ান বালকৃষ্ণন 15ই জুন তারিখে ইএম-এর সাথে সাক্ষাৎ করেন এবং বাণিজ্য ও বিনিয়োগ, ডিজিটাল অর্থনীতি ও ফিনটেক (FINTECH), গ্রীণ গ্রোথ ও বিকাশ এবং সংযোগ -এর মত ক্ষেত্রগুলি সহ দুই দেশের মধ্যে বহুমুখী সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তারা বৈশ্বিক ভূরাজনৈতিক চ্যালেঞ্জগুলি ও এই অঞ্চলের ঘটনাবলী নিয়ে সুদূরপ্রসারী আলোচনা করেছেন। দুই মন্ত্রী আরো বেশি মন্ত্রী পর্যায়ের আদানপ্রদানের মাধ্যমে সম্পর্কের আরও অগ্রগতির জন্য নতুন উদ্যম প্রদান করার প্রয়োজনীয়তার বিষয়ে সম্মত হয়েছেন।

6. বিদেশমন্ত্রী, থাইল্যান্ডের উপ প্রধানমন্ত্রীর বিশেষ রাষ্ট্রদূত এবং বিদেশমন্ত্রী হার এম্বেলেম্বি শ্রীমতী পর্নপিকল কাঞ্চানালাক -এর সাথে 16ই জুন সাক্ষাৎ করেছেন। বিমস্টেক (BIMSTEC) - এ থাইল্যান্ডের সভাপতিত্বকালে ভারতের পূর্ণ সমর্থনের বিষয়ে তিনি তাকে আশ্বাস দিয়েছেন।

7. 17ই জুন তারিখে বিদেশমন্ত্রী এবং ভিয়েতনামের বিদেশমন্ত্রী দ্বিপাক্ষিক বৈঠক করেছেন এবং কূটনৈতিক সম্পর্কের 50 বছর পূর্তি উদযাপনের লোগোও চালু করেছেন। ভিয়েতনামের দুতাবাসের নতুন চ্যানসেরি ভবনে বৈঠকটি অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রীরা দ্বিপাক্ষিক বিষয়ের সুদূর প্রসারী এবং পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলী নিয়ে ব্যাপক আলোচনা করেছেন। তারা উচ্চপর্যায়ের আদানপ্রদান নিয়েও আলোচনা করেছেন। বৈঠকের পরে, ভারতের ইলেকট্রনিক্স এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রকের সিইআরটি-ইন, এবং ভিয়েতনামের তথ্য ও যোগাযোগ মন্ত্রকের ভিএনসিইআরটি-র মধ্যে সাইবার সুরক্ষা নিয়ে একটি মৌ স্বাক্ষরিত হয়েছে।

নিউ দিল্লি

জুন 17, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.